

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ভর্তি বিজ্ঞপ্তি

### (Second Phase)

২০২১-২০২২ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক ভর্তি প্রক্রিয়ার দ্বিতীয় পর্যায়ের কার্যক্রম আগামী ১৮/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ২১/১১/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>)-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

প্রত্যেক আবেদনকারী তার মেধাস্কোর ও বিভাগ পছন্দক্রম অনুযায়ী আবেদনকৃত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতকৃত মেধাক্রম অনুযায়ী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে একটি নির্দিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য মনোনীত হবে। দ্বিতীয় পর্যায়ের ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের ভর্তির জন্য মনোনীত বিভাগ, বিভাগ মাইগ্রেশনের বর্তমান অবস্থাসহ অন্যান্য তথ্য স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হবে। দ্বিতীয় পর্যায়ে যে সকল আবেদনকারী প্রথমবার প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হয়েছে শুধুমাত্র তাদের ভর্তির ক্ষেত্রে নিম্নের সময়সূচী অবশ্যই মানতে হবে (১ ও ২):

- ১। অনলাইনে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন ও প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০(পাঁচ হাজার) টাকা প্রদান: ১৮/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২১/১১/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে সম্পন্ন করতে হবে।
- ২। মূল কাগজপত্র জমা: ১৯/১১/২০২২ তারিখ হতে ২২/১১/২০২২ তারিখ (প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ০৩:০০ টা)-এর মধ্যে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র আবেদনকারীর প্রাথমিক ভর্তির জন্য মনোনীত বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে, অন্যথায় প্রাথমিক ভর্তি বাতিল হয়ে যাবে। মূল নম্বরপত্র দুটি আবেদনকারীর নাম ও GST রোল নম্বর লিখা একটি A4 সাইজের খামে করে জমা দিতে হবে।

### ইতোমধ্যে প্রাথমিক ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্যঃ

- GST-ভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করে থাকলে পুনরায় ভর্তি হবার প্রয়োজন হবে না।
- কোন আবেদনকারী একই সাথে এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য মনোনীত হলে তিনি পছন্দমত তার ভর্তি মাইগ্রেশন অন্য বিশ্ববিদ্যালয়ে (University Migration) করতে পারবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারীকে নিজ দায়িত্বে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে <https://gstadmission.ac.bd> ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে University Migration (১৮/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২১/১১/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে) সম্পন্ন করতে হবে।
- সেক্ষেত্রে কোনো বিশ্ববিদ্যালয়ে সশরীরে উপস্থিত হবার প্রয়োজন নাই। মূল কাগজপত্র যে বিশ্ববিদ্যালয়ে জমা আছে সেখানেই থাকবে।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ যথাক্রমে GST Admission System ও GST Admission Guideline -এ প্রদত্ত।